দৈনিক
ইত্তেফাক

তারিখ NOV. 04 2006
পৃঃ কলাম

# ছাত্র রাজনীতির কারণে অশান্ত হয়ে উঠছে চট্টগ্রামের কলেজগুলো

।। চট্টগ্রাম অফিস ও বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

ক্ষমতার পট পরিবর্তনের সাথে সাথে অশান্ত হয়ে উঠছে মহানগরীর কলেজগুলো। কয়েকটি কলেজে ইতিমধ্যেই সংঘর্ষ বেধেছে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে। শিবির নিয়ন্ত্রিত কলেজগুলোতে অন্যান্য ছাত্র সংগঠনকে ঠেকাতে সশস্ত্র প্রস্তুতি নিয়েছে শিবির। কলেজগুলোতে সর্বক্ষণ আতংক করছে।

মহানগরীতে পাঁচটি সরকারী-সহ ডজনখানেক কলেজ রয়েছে। এর কয়েকটি মহিলা কলেজ। মহিলা বাদে অন্য কলেজে ছাত্র রাজনীতি রয়েছে। এসব কলেজ ১০০১ সালের পূর্ব পর্যন্ত বিভিন্ন ছাত্র সংগঠনের একক নিয়ন্ত্রণে ছিল। সরকারী কলেজ ও হাজী মুহম্মদ মহসিন কলেজ ছিল শিবিরের দখলে, সিটি কলেজ, কমার্স কলেজ, ওমর গনি এমই এস কলেজ, ইসলামিয়া ডিগ্রি কলেজ, আইন কলেজে ছাত্র লীগের একক আধিপত্য ছিল। ছাত্রদলের একক নিয়ন্ত্রণে ছিল শুধু পাহাড়তলী ডিগ্রি কলেজ।

২০০১ সালে জোট সরকার ক্ষমতায় আসার পর চট্টগ্রাম সরকারী ও মুহসিন কলেজ ছাড়া অন্যসবকটি কলেজে রাজনীতি শুরু করে ছাত্রদল। এর পূর্বে ক্যাম্পাস দখলকারী ছাত্রসংগঠন কর্তৃক সংশ্লিষ্ট কলেজে অন্য ছাত্র সংগঠনের কার্যক্রম ছিল নিষিদ্ধ।

(১৬শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ছাত্র রাজনীতির

(১৫শ পৃঃ পর)

২০০২ সালে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি চট্টগ্রাম ও মহসিন কলেজে তাদের রাজনীতি শুরু করার ঘোষণা দিলেও শিবিরের হুমকির মুখে তা সম্ভব হয়নি। গত ২৯ অক্টোবর তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় আসার পর নগরীর কলেজগুলোতে আবার শুরু হয়েছে আধিপত্যের লড়াই। ইতিমধ্যে ছাত্রলীগ তাদের নিয়ন্ত্রণাধীন কলেজে ছাত্রদলের কার্যক্রম নিষিদ্ধ করেছে। এরই ধারাবাহিকতায় গত এক সপ্তাহে সরকারী বাণিজ্য কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে দুই দফা সংঘর্ষ হয়েছে। উভয় পক্ষের কয়েক নেতাকর্মী আহতও হয়েছে।

ছাত্রলীগ জানিয়েছে তারা ছাত্রদলের কোন কার্যক্রম মেনে নিবে না। সিটি কলেজ, ইসলামিয়া কলেজ ও এমইএস কলেজ থেকে বিতাড়িত হয়েছে ছাত্রদল। ক্ষমতার পট পরিবর্তনের কয়েক ঘন্টার মধ্যেই এসব কলেজে ছাত্রলীগ তাদের আধিপত্য প্রতিষ্ঠা করে। চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজেও প্রকাশ্যে কার্যক্রম শুরুর ঘোষণা দিয়েছে ছাত্রলীগ। এই দুটি কলেজের প্রধান প্রবেশপথে প্রতিদিন সশস্ত্র পাহারা দিচ্ছে শিবির ক্যাডাররা।

মহানগরী ছাড়া সিটি কর্পোরেশন এলাকা ও জেলার গুরুত্বপূর্ণ কয়েকটি কলেজেও ছাত্রদল ও শিবিরের সাথে সংঘর্ষ বেধেছে ছাত্রলীগের। এর মধ্যে মিরসরাই উপজেলার নিজামপুর কলেজ, হাটহাজারী কলেজ, হাজেরাতজু ডিগ্রী কলেজ, পলিটেকনিক্যাল ইনষ্টিটিউটসহ বেশ কয়েকটি কলেজে উভয়পক্ষই প্রতিদিন মহড়া দিচ্ছে।

এসব কলেজে ছাত্র সংগঠনগুলোর এই পরিস্থিতিতে কলেজগুলো ও এর আশপাশের এলাকায় সর্বক্ষণ আতংক বিরাজ করছে। শংকায় ভুগছে সাধারণ শিক্ষার্থীরা। কয়েকটি কলেজে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে কলেজ কর্তৃপক্ষ। কলেজ রাজনীতি নিয়ে ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মহানগর ও কলেজ নেতৃবৃন্দ পরস্পরকে দোষারোপ করছেন।